



## M.P.O. ভুক্তির জন্য Online আবেদন ফরম পূরণের নির্দেশিকা

- ১। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইট [www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd) অথবা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট [www.dme.gov.bd](http://www.dme.gov.bd) অথবা কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd) অথবা ব্যানবেইস এর ওয়েবসাইট [www.banbeis.gov.bd](http://www.banbeis.gov.bd)-এ প্রবেশ করুন। M.P.O. ভুক্তির জন্য Online আবেদন ফরম-এ ক্লিক করুন।
- ২। Window-টি খোলার পর নির্দিষ্ট জায়গায় আপনার প্রতিষ্ঠানের EIIN প্রদান করুন। অতঃপর Screen-এ আপনার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাসহ তথ্য প্রদর্শিত হবে। আপনার প্রতিষ্ঠানের তথ্য সম্পর্কে নিশ্চিত হলে স্বীকৃতিপত্রে উল্লিখিত নাম অনুসারে বাংলায় প্রতিষ্ঠানের নাম লিখুন।
- ৩। উপরিউক্ত তথ্য সঠিক থাকলে নিচে Next বাটন-এ ক্লিক করুন। অতঃপর নতুন Window প্রদর্শিত হবে এবং প্রতিষ্ঠানের মোবাইল ফোন নম্বরে SMS-এর মাধ্যমে Password পাবেন। SMS-এ প্রাপ্ত Password নির্দিষ্ট ফিল্ডে এন্ট্রি করুন এবং Next বাটন-এ ক্লিক করুন।
- ৪। এখন M.P.O. ভুক্তির জন্য আবেদনের ফরম পূরণ করুন। অতঃপর Select-এ গিয়ে সংসদীয় এলাকা, বর্তমান M.P.O. ভুক্ত স্তর এবং M.P.O. ভুক্তির জন্য প্রার্থিত স্তর নির্বাচন করুন। M.P.O. ভুক্তির জন্য প্রার্থিত স্তরের স্বীকৃতির তারিখ, প্রার্থিত স্তরের সর্বশেষ স্বীকৃতি নবায়নের তারিখ এবং প্রার্থিত স্তরের স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণের তারিখ এর ফিল্ড পূরণ করুন।
- ৫। এক বা একাধিক স্তরের M.P.O. ভুক্তির জন্য আবেদন করা যাবে। একাধিক স্তরের জন্য আবেদনের ক্ষেত্রে প্রথম স্তরে আবেদন ফরম পূরণের পর পরবর্তী স্তরের M.P.O ভুক্তির জন্য প্রার্থিত স্তর নির্বাচন করুন এবং তথ্য ফরম পূরণ করুন।
- ৬। সংযুক্তি ঘরে নিম্নবর্ণিত কপিসমূহ স্ক্যান করে PDF আকারে আপলোড করুন:
  - (১) M.P.O. ভুক্তির জন্য প্রার্থিত স্তরে ১ম স্বীকৃতির আদেশের সত্যায়িত কপি।
  - (২) M.P.O. ভুক্তির জন্য প্রার্থিত স্তরে সর্বশেষ স্বীকৃতি নবায়ন আদেশের সত্যায়িত কপি।
  - (৩) M.P.O. ভুক্তির প্রদত্ত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরিত ঘোষণাপত্র।
- ৭। Submit Application বাটন-এ ক্লিক করার পূর্বে Print Preview বাটন-এ ক্লিক করে সকল তথ্য যাচাই করুন। তথ্য সঠিক হলে All Information Correct বাটন-এ ক্লিক করুন। সঠিক না থাকলে Edit Again বাটন-এ ক্লিক করুন। All Information Correct বাটন-এ ক্লিক করার পর Submit Application বাটন সক্রিয় হবে। সবকিছু ঠিক থাকলে Submit Application বাটন-এ ক্লিক করুন। Submit Application বাটন-এ ক্লিক না করলে আপনার প্রদত্ত তথ্যাদি সংরক্ষিত হবে না। একবার Submit Application বাটন-এ ক্লিক করার পর সংশোধনের সুযোগ নেই। আবেদন ফরম সঠিকভাবে পূরণ হলে নিম্নরূপ Message প্রদর্শিত হবে ‘ধন্যবাদ। আবেদনটি সফলভাবে সংরক্ষিত হয়েছে।’ Print বাটন-এ ক্লিক করে আপনার Document প্রিন্ট করে সংরক্ষণ করুন।

বিশেষ দ্রষ্টব্য: BANBEIS এর Database-এ সংরক্ষিত শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার তথ্য ব্যবহৃত হচ্ছে।  
এসব তথ্য দেখা যাবে কিন্তু সংশোধনের সুযোগ নেই।  
তারকা (\*) চিহ্নিত ফিল্ডসমূহ অবশ্যই পূরণ করতে হবে।  
মোবাইল নম্বর সংশোধনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রত্যয়ন সহ  
[info@banbeis.gov.bd](mailto:info@banbeis.gov.bd) তে প্রেরণ করতে হবে।

  
এস এম মাহাবুব রহমান  
যুগ্মসচিব  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

  
এ, কে, এম, জাকির হোসেন ডঃ  
অতিরিক্ত সচিব  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার